# Times Today BD

এম এস রহমান | রাজশাহী | 16 May, 2025

গাছে উঠতে গিয়ে পা পিছলে নিচে পড়ে ফজলুল হক (৫২) নামের এক দিনমজুরের মৃত্যু হয়েছে।

শুক্রবার (১৬ মে) দুপুর সাড়ে ১২টার দিকে পাবনার চাটমোহর উপজেলার লাউতিয়া গ্রামে এ ঘটনা ঘটে।

নিহত ফজলু একই উপজেলার হরিপুর ইউনিয়নের পাঁচশোয়াইল গ্রামের মৃত আবু বক্করের ছেলে।

স্থারীয়রা জানান, লাউতিয়া গ্রামের অতুল নামের এক ব্যক্তির দুটি গাছ কেনেন এক গাছের ব্যাপারী।শুক্রবার গাছ কাটতে যায় ফজলুল হকসহ আরো কয়েকজন দিনমজুর।

দুপুর সাড়ে ১২টার দিকে গাছে ওঠার সময় পা পিছলে নিচে মাটিতে পড়ে মাথায় আঘাত পান ফজলুল হক।এ সময় তার কান ও নাক দিয়ে রক্ত বের হচ্ছিল।পরে স্থানীয় লোকজন গুরুতর আহত অবস্থায় চাটমোহর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে ফজলুল হককে মৃত ঘোষণা করেন কর্তব্যরত চিকিৎসক।

ঘটনার সত্যতা নিশ্চিত করে চাটমোহর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মঞ্জুরুল আলম জানান, ফজলুল হক নামের এক দিনমজুর গাছ থেকে পড়ে মারা যান। পরে হাসপাতালে পুলিশ পাঠানো হয়েছিল। কোনো অভিযোগ না থাকায় নিহত ব্যক্তির লাশ পরিবারের কাছে হস্তান্তর করা হয়েছে বলে জানান ওসি।

মৃত

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:07

URL: https://www.timestodaybd.com/rajshahi/2555808366